



এম. এ. (ইভনিং) প্রোগ্রাম

এম.এ. (ইভনিং) প্রোগ্রামের সেমিস্টার পদ্ধতির সংশোধিত নীতিমালা ও সিলেবাস

(তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্ব-খরচে এম. এ. (ইভনিং) প্রোগ্রামের সেমিস্টার পরীক্ষা এবং ভর্তি/পুনঃভর্তি সংক্রান্ত নিয়মাবলী)

সেমিস্টার ও পরীক্ষা সংক্রান্তঃ

১। (ক) অনুমোদিত এম. এ. (ইভনিং) প্রোগ্রাম মোট ০৪ (চার) টি সেমিস্টারে সম্পন্ন হবে। প্রতিটি সেমিস্টারের মেয়াদকাল হবে ০৪ (চার) মাস। প্রতি বছর জানুয়ারী-এপ্রিল, মে-আগস্ট, ও সেপ্টেম্বর-ডিসেম্বর সেমিস্টারে ভর্তি করা হবে।

(খ) অনুমোদিত পূর্ববর্তী প্রস্তাবনার ৭(এ) অনুচ্ছেদটি সংশোধন সাপেক্ষে প্রোগ্রামের ৫০ নম্বরের পূর্ণ কোর্স ০১ (এক) সেমিস্টারে পঠিত হবে। সেমিস্টারের প্রথম ০৩ (তিন) মাসের মধ্যে ক্লাস ও মিডটার্ম পরীক্ষা সম্পন্ন হবে এবং মিটার্মের ফলাফল এক সপ্তাহের মধ্যে বিভাগীয় নোটিশ বোর্ডে প্রদান করা হবে। ৪র্থ মাসের প্রথম সপ্তাহে সেমিস্টার ফাইনাল পরীক্ষা এবং মাসের শেষ সপ্তাহে সংশ্লিষ্ট সেমিস্টারের ফল প্রকাশিত হবে। অনুরূপভাবে, নির্ধারিত সকল সেমিস্টারের পরীক্ষা সম্পন্ন হওয়ার পর চূড়ান্ত ফলাফল প্রণয়ন ও প্রকাশ করা হবে। প্রতি সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রত্যেক শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতির হার প্রতি কোর্সে ৭৫% থাকতে হবে। কোন শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতির হার ৭৫%-এর নিচে থেকে ৬০% পর্যন্ত থাকলে তাকে নন-কলেজিয়েট বিবেচনা করা হবে এবং বিশ্ববিদ্যালয়ের বিধি ও এম.এ. (ইভনিং) প্রোগ্রামের নিয়মানুযায়ী নির্ধারিত জরিমানা প্রদান সাপেক্ষে সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) সকল সেমিস্টারের পঠিত কোর্সের প্রতিটির পূর্ণমান হবে ৫০; যার মধ্যে ৩৫ নম্বর সেমিস্টার ফাইনাল পরীক্ষা, ১০ নম্বর মিডটার্ম পরীক্ষার জন্য এবং ক্লাস উপস্থিতি ও ক্লাস পারফরমেন্সের জন্য ০৫ নির্ধারিত হবে। এছাড়া প্রত্যেক সেমিস্টারে মৌখিক পরীক্ষার জন্য ২৫ নম্বর নির্ধারিত থাকবে।

(ঘ) প্রতি সেমিস্টার পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.০০ পেলে একজন শিক্ষার্থী পরবর্তী সেমিস্টারে উন্নীত। প্রতি কোর্সের গ্রোডিং পয়েন্ট নিম্নোক্তভাবে নির্ধারিত হবে।

Numerical Marks	Letter Grade	Grade Point
40 to 50	A+	4.00
37.5 to 39.5	A	3.75
35 to 37	A-	3.50
32.5 to 34.5	B+	3.25
30 to 32	B	3.00
27.5 to 29.5	B-	2.75
25 to 27	C+	2.50
22.5 to 24.5	C	2.25
20 to 22	D	2.00
<20	F	0.00

Minimum GPA required for promotion2.00

(ঙ) সেমিস্টার ফাইনাল পরীক্ষায় কোনো বিষয়ে ৪৫% নম্বরের কম পেলে সংশ্লিষ্ট পরীক্ষার্থী তৎপরবর্তী ব্যাচের সাথে ঐ কোর্সের ফলোয়ন পরীক্ষা



এম. এ. (ইভনিং) প্রোগ্রাম

দিতে পারবে। কোন পরীক্ষার্থী 'F' গ্রেড পেলে ঐ কোর্সে সর্বোচ্চ দুই (০২) বার ফেলোন্সন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

(চ) ফেলোন্সন পরীক্ষা শুধু সেমিস্টার ফাইনাল লিখিতাংশে অনুষ্ঠিত হবে। মিডটার্ম, ব্যবহারিক, মৌখিক, ইত্যাদির ক্ষেত্রে ফেলোন্সন পরীক্ষা দেয়ার সুযোগ থাকবে না। ফেলোন্সন পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি কোর্সে নির্ধারিত ফিস জমা দিতে হবে এবং শিক্ষার্থীকে অবশ্যই পূর্ববর্তী পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

(ছ) একজন পরীক্ষার্থী প্রতি সেমিস্টারে সর্বোচ্চ/অনধিক ০২ (দুই) কোর্সে একবারের বেশি ফেলোন্সন পরীক্ষায় অংশ নিতে পারবে না। সেক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্সে পূর্ববর্তী পরীক্ষায় প্রাপ্ত নম্বর বাতিল হবে।

ফলাফল প্রস্তুতকরণঃ

২। এম. এ. (ইভনিং) প্রোগ্রামের কো-অর্ডিনেশন কমিটি উক্ত প্রোগ্রামের পরীক্ষা কমিটি হিসেবে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন করবে। উল্লিখিত প্রোগ্রামের প্রতিটি কোর্সের প্রশ্নপত্র প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়ন একক পরীক্ষক পদ্ধতিকে পরিচালিত হবে। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, পরীক্ষার এন্ট্রি ফরম পূরণ, টেবুলেশনসহ যাবতীয় কার্যাদি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরগুলো সম্পন্ন করবে। প্রতি সেমিস্টার পরীক্ষার শেষে ফলাফল প্রকাশ করা হবে এবং ৪র্থ সেমিস্টার ফাইনাল পরীক্ষা শেষে চূড়ান্ত ফলাফল প্রকাশের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে প্রেরিত হবে।

ভর্তি সংক্রান্তঃ

৩। (ক) অনুমোদিত পূর্ববর্তী প্রস্তাবনা মোতাবেক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক সম্মান অথবা পাস ডিগ্রীধারীগণ ভর্তির আবেদন করতে পারবেন। গ্রন্থাগার ও তথ্যপ্রতিষ্ঠানে কর্মরত অথবা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে পোস্ট-গ্রাজুয়েট ডিপ্লোমা সম্পন্নকারী প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। আবেদনের যোগ্যতা সনাতন পদ্ধতির ক্ষেত্রে মাধ্যমিক থেকে স্নাতক পর্যন্ত ন্যূনতম ৬ (ছয়) পয়েন্ট তবে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে ন্যূনতম সিজিপিএ মাধ্যমিক থেকে স্নাতক পর্যন্ত ৭ (সাত) পয়েন্ট এবং প্রতি পরীক্ষায় ন্যূনতম ২ (দুই) পয়েন্ট।

পুনঃভর্তি সংক্রান্ত :

৪। শিক্ষার্থীকে ০৩ (তিন) বছরের মধ্যে এম. এ. (ইভনিং) কোর্স সম্পন্ন করতে হবে। পুনঃভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ক্লাস শুরুর ১৫ (পনের) দিনের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।